



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা আইসিটি অফিসারের কার্যালয়
কালকিনি, মাদারীপুর



স্মারক নম্বর: ৫৬.০৪.৫৪৪০.০০০.০০০.১৮.০০০১.২৩.১

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা আইসিটি অফিস, কালকিনি, মাদারীপুর এ "সাইবার নিরাপত্তা সেবা হেল্পডেস্ক" স্থাপন প্রসঙ্গে।

সূত্র: আইসিটি অধিদপ্তর এর স্মারক নং ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০২.২১.২২৭৫ তারিখ: ২৪/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও পরবর্তী সময়ের জন্য ডিজিটাল প্ল্যাটফর্মে গুজব, বিভ্রান্তিমূলক তথ্য, ভুল তথ্য বা অন্যান্য ক্ষতিকর তথ্য শনাক্ত, যাচাই ও প্রতিরোধে উপজেলা আইসিটি অফিস, কালকিনি, মাদারীপুর এ "সাইবার নিরাপত্তা সেবা হেল্পডেস্ক" নিম্নোক্ত ছক মোতাবেক গঠন করা হলো।

ক্রমিক	নাম ও পদবী	দায়িত্ব	মোবাইল
০১	জনাব আরিফুল ইসলাম সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি কর্মকর্তা)	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	০১৭৯৫-৮৩৭৩০৯
০২	আরিফা ফিল্ড আইটি টেকনিশিয়ান	টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট	০১৭৫৬-০৬৫৪৪৩

২। এই সংক্রান্ত যে কোন প্রয়োজনে হেল্পডেস্কের মোবাইল নম্বরঃ ০১৭৯৫-৮৩৭৩০৯ (হোয়াটসঅ্যাপ) এবং ০১৭৫৬-০৬৫৪৪৩ অথবা uicto.kalkini@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

সাইবার নিরাপত্তা সেবা হেল্পডেস্ক এর কার্যাবলীঃ

- ১। সোশ্যাল মিডিয়ায় ভুয়া তথ্য/মিথ্যা তথ্য/ক্ষতিকর তথ্য শনাক্তকরণ, যাচাই ও প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ।
- ২। অনলাইন জুয়ার সাইট শনাক্তকরণ এবং এজেক্টিকে প্রেরণ।
- ৩। সাইবার স্পেসে যৌন হয়রানি, ব্লাকমেইলিং বা অশ্লীল বিষয়বস্তু প্রকাশ সংক্রান্ত বিষয়ে ভুক্তভোগীদের সহায়তা বা পরামর্শ প্রদান।
- ৪। সাইবার স্পেসে ধর্মীয় বা জাতিগত বিষয়ে সহিংসতা, ঘৃণা ও বিদ্বেষমূলক তথ্য শনাক্তকরণ, যাচাই ও প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ।
- ৫। জাতীয় নিরাপত্তা, প্রতিরক্ষা, বহিঃসম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা অথবা প্রয়োজনীয় ও অপরিহার্য কোনো সেবার ক্ষেত্রে সাইবার সুরক্ষা বিঘ্নিত হইবার হুমকি পরিলক্ষিত হলে এজেক্সি/আইনশৃংখলা বাহিনীকে অবহিতকরণ এবং প্রতিকারে সহায়তা প্রদান।
- ৬। গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (CII) বে-আইনি প্রবেশ বা হ্যাকিং এর বিষয়ে এজেক্সি/এনসার্ট/আইনশৃঙ্খলা বাহিনীকে অবহিতকরণ।
- ৭। সাইবার সন্ত্রাসী কার্য সংঘটিত হলে আইনশৃঙ্খলা বাহিনী ও এজেক্টিকে অবহিতকরণ।
- ৮। অনলাইন প্রতারণা ও জালিয়াতি সংক্রান্ত ভুক্তভোগীদের সহায়তা সেবা বা পরামর্শ প্রদান।
- ৯। নাগরিকদের অন্যান্য সাধারণ সুরক্ষা সংক্রান্ত সহায়তা সেবা প্রদান।
- ১০। প্রয়োজন অনুযায়ী মাঠ প্রশাসন ও আইনশৃংখলা বাহিনীর সাথে সমন্বয় সাধন।
- ১১। অধিদপ্তর/এজেক্টির নির্দেশনা মতো অন্যান্য কার্যাবলী সম্পাদন।



২৬-০১-২০২৬

আরিফুল ইসলাম

উপজেলা আইসিটি অফিসার (সহকারী
প্রোগ্রামার)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৪৪০.০০০.০০০.১৮.০০০১.২৩.১/১ (৫)

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) (চলতি দায়িত্ব), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালকিনি, মাদারীপুর।
- ৪। জেলা আইসিটি অফিসারের কার্যালয় মাদারীপুর (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাদারীপুর।
- ৫। উপজেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিস, কালকিনি, মাদারীপুর।



২৬-০১-২০২৬

আরিফুল ইসলাম

উপজেলা আইসিটি অফিসার (সহকারী
প্রোগ্রামার)